অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

শিশুদের নিয়ে সংগ্রামে লিপ্ত পরিবারগুলোর জন্য গভর্নর হোকলের 44.4 মিলিয়ন ডলার সহায়তা প্রদানের ঘোষণা

মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল 218,300 এরও বেশি শিশুকে স্কুলে ফিরে আসার খরচ; নবজাতকদের জন্য পুষ্টি সহায়তা প্রদান করবে

সরকারি সহায়তার জন্য তালিকাভুক্ত পরিবারগুলো 3 থেকে 17 বছর বয়সী প্রত্যেক শিশুর জন্য এককালীন 214 ডলার; 3 বছরের কমবয়সী প্রত্যেক শিশুর জন্য 150 ডলার সহায়তা লাভ করবে

গভর্নর ক্যাথি হোকল আজ শিশুদের নিয়ে সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদেরকে স্কুলে ফিরে যাওয়ার খরচ এবং জীবনের প্রথম দিকে পুষ্টি সংক্রান্ত খরচ পরিশোধের ক্ষেত্রে সাহায্য করার জন্য 44.4 মিলিয়ন ডলারের ফেডারেল মহামারীকালীন তহবিল বন্টনের ঘোষণা দিয়েছেন। স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক প্রদত্ত মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল (Pandemic Emergency Assistance Fund) সরকারি সহায়তার জন্য তালিকাভুক্ত নিউ ইয়র্কবাসীদেরকে 3 থেকে 17 বছর বয়সী প্রত্যেক শিশুর জন্য 214 ডলার এবং 3 বছরের কমবয়সী প্রত্যেক শিশুর জন্য 150 ডলারের এককালীন সহায়তা প্রদান করবে।

"নিউ ইয়র্কের কঠোর পরিশ্রমী পরিবারগুলো এখনো মহামারীর অর্থনৈতিক প্রভাব কাটিয়ে উঠতে পারেনি," **বলেছেন গভর্নর হোকল।** "এই শরতকালে নিউ ইয়র্কবাসীদের নিজেদের সন্তানদের স্কুলে ফেরত পাঠানোর প্রস্তুতি নেওয়ার সময়ে, এসব এককালীন পেমেন্ট স্টেটজুড়ে সংগ্রামে লিপ্ত পরিবারগুলোকে শিক্ষা উপকরণ এবং পারিবারিক অন্যান্য খরচের ব্যয় বহন করতে সাহায্য করবে যা অন্যথায় তাদের পারিবারিক বাজেটের উপর একটি বোঝা হয়ে চেপে বসতো। মহামারীর কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া কঠোর পরিশ্রমী পরিবারগুলোর জীবনযাপনের ব্যয় কমিয়ে আনতে সাহায্য করার জন্য এটি আমাদের গৃহীত আরেকটি পদক্ষেপ হতে যাচ্ছে।"

12 আগস্ট থেকে শুরু করে OTDA সরকারি সহায়তা গ্রহীতাদের মধ্যে যাদের 3 থেকে 17 বছর বয়সী সন্তান রয়েছে তাদেরকে 214 ডলারের এককালীন সহায়তা প্রদান করবে। সংস্থাটি সর্বমোট

প্রায় 39.3 মিলিয়ন ডলার বিতরণ করবে, যা আনুমানিক 184,000 শিশুর কাছে সহায়তা পৌঁছে দিবে।

একইসময়ে, OTDA সরকারি সহায়তার জন্য তালিকাভুক্ত পরিবারগুলোকে অল্পবয়সী শিশুদের পুষ্টি চাহিদা পূরণের ব্যয় বহনের জন্য 3 বছর বা তার কমবয়সী প্রত্যেক শিশুর জন্য 150 ডলার করে বিতরণ করবে। সংস্থাটি আনুমানিক 34,300 উপযুক্ত শিশুর কাছে 5.1 মিলিয়ন ডলার বিতরণ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

মহামারীর জরুরী সহায়তার তহবিলটি কোভিড-19 মহামারীর দ্বারা প্রভাবিত অভাবী পরিবারগুলিকে সহায়তা করার অভিপ্রায়ে 2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্টের (American Rescue Plan Act) অংশ হিসাবে তৈরি করা হয়েছিল। ফেডারেল নির্দেশনা অনুযায়ী, এই তহবিল শিশু রয়েছে এমন ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সুনির্দিষ্ট কোনো স্বল্প-মেয়াদী পরিস্থিতি বা চাহিদা মোকাবেলার জন্য এককালীন বেনিফিট ইস্যু করার জন্য ব্যবহৃত হওয়া আবশ্যক।

জনসাধারণের সহায়তা নিম্ন আয়ের ব্যক্তি এবং পরিবারগুলিকে আবাসনের মতো মৌলিক চাহিদা পূরণে সাহায্য করার জন্য মাসিক অনুদান প্রদান করে। এই কর্মসূচি 500,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীকে সাহায্য করছে যারা হয়তো সাময়িকভাবে কর্মহীন অথবা কাজ করতে অক্ষম অবস্থায় রয়েছেন, এবং একইসাথে এটি অতি নিম্ন বেতনের কর্মচারীদের এবং শিশুদেরকেও সাহায্য করছে।

অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "ইতোমধ্যে নিত্যদিনের খাবারের যোগান দিতে সংগ্রামে লিপ্ত পরিবারগুলোর জন্য, শিক্ষা উপকরণের ব্যয় এবং স্কুলের সাথে সম্পর্কিত অন্যান্য কেনাকাটার ব্যয় বহন করা এই শরতকালে শিশুদেরকে স্কুলে ফেরত পাঠাতে চাওয়া পরিবারগুলোর জন্য উল্লেখযোগ্য আর্থিক চাপ সৃষ্টি করতে পারে। এসব এককালীন পেমেন্ট এমন এক সময়ে সরকারি সহায়তা গ্রহীতা পরিবারগুলোকে এসব ব্যয় বহন করতে সাহায্য করবে যখন তাদের মধ্যে অনেকেই এখনো মহামারীর নেতিবাচক আর্থিক প্রভাব কাটিয়ে উঠতে সংগ্রাম করে যাচ্ছেন।"

রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিন্স বলেন, "বাড়তি সংস্থান পাওয়াটা সংগ্রামে লিপ্ত পরিবারগুলোর জন্য কতটা গুরুত্বপূর্ণ পার্থক্য নিয়ে আসতে পারে তা আমরা অ্যাডভান্সড চাইল্ড ট্যাক্স ক্রেডিটের ক্ষেত্রে দেখেছি। যাদের সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে এমন পরিবারগুলোর কাছে সরাসরি এই ফেডারেল তহবিল বরাদ্দ করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্ব শিক্ষার্থীদের নতুন স্কুলবর্ষ শুরু করার সময়ে লাঞ্চবক্সে খাবারের ব্যবস্থা করতে, ব্যাকপ্যাকে শিক্ষা উপকরণের ব্যবস্থা করতে, এবং শিক্ষার্থীদের জন্য পোশাক ও জুতার ব্যবস্থা করতে সাহায্য করবে।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "নিত্যদিনের চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে সংগ্রাম করে যাওয়া নিউ ইয়র্কের পরিবারগুলোকে আমাদের সহায়তা প্রদান করাটা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ -- বিশেষ করে যেহেতু কমিউনিটিগুলো মহামারী থেকে সেরে উঠা অব্যাহত রেখেছে এবং শিশু ও পরিবারগুলো নতুন স্কুল বর্ষ শুরু

করতে যাচ্ছে। মহামারীকালীন এই বাড়তি কংগ্রেশনাল তহবিল বরাদ্দ করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ, যেটি এগিয়ে নিতে আমি সাহায্য করেছিলাম, যাতে আমার ডিস্ট্রিক্টের সর্বাধিক ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের কিছু অংশকে সহায়তা প্রদান করা যায়। এসব বাড়তি পেমেন্ট মাসিক ব্যয় বহনে সাহায্য করে এবং আমাদের শিশুরা যাতে আগামী স্কুল বর্ষের জন্য প্রস্তুত থাকে সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে আমাদের স্টেটজুড়ে পরিবারগুলোকে সহায়তা করবে।"

মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল ইতোমধ্যে হাজার হাজার নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীকে তাদের অপরিহার্য চাহিদাগুলো পূরণ করতে সাহায্য করেছে। ফেব্রুয়ারি মাসে, OTDA সরকারি সহায়তা অথবা সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program) পরিবারগুলোকে 3 বছর বা তার কমবয়সী শিশুদের জন্য ডায়াপারের ব্যয় বহনে সাহায্য করতে প্রত্যেক শিশুর জন্য 140 ডলার সহায়তা প্রদান করতে এই তহবিল থেকে আনুমানিক 19 মিলিয়ন ডলার ব্যয় করেছে।

এপ্রিল মাসে, এই তহবিল একাধিক প্রজন্ম নিয়ে বসবাসকারী 28,000 এরও বেশি পরিবারের জন্য 730 ডলারের ফুড বেনিফিট প্রদান করেছে। এসব এককালীন পেমেন্ট স্টেটজুড়ে পরিবারগুলোকে প্রায় 21.3 মিলিয়ন ডলার সহায়তা প্রদান করার মাধ্যমে 55 বছরের বেশি বয়সী আনুমানিক 31,500 প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে সাহায্য করেছে।

মে মাসে, সরকারি সহায়তার জন্য তালিকাভুক্ত যেসব পরিবারে 17 বছর বা তার কমবয়সী শিশু রয়েছে তারা আবাসনের খরচ, বিল, ও অন্যান্য জরুরি চাহিদা পূরণের জন্য এই তহবিল থেকে 250 ডলার সহায়তা লাভ করেছে। আনুমানিক 110,000 পরিবার এই সহায়তা পেয়েছে যেখানে মোট ব্যয় হওয়া অর্থের পরিমাণ 27 মিলিয়ন ডলারেরও বেশি, যা 216,000 এরও বেশি শিশুকে সহায়তা করেছে।

এছাড়াও ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের মধ্যে নিম্ন-আয়ের ব্যক্তিদের সহায়তা করার জন্য এই তহবিলের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদানের জন্য OTDA স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) সঙ্গেও কাজ করেছে। এই প্রচেষ্টার ফলস্বরূপ সংস্থাটি ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের ও তাদের পরিবারকে সাহায্য করার জন্য 12.5 মিলিয়ন ডলার প্রদান করতে সক্ষম হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন